রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ফেব্রুয়ারি ১২, ২০১৯**

[ একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে। ]

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ মাঘ ১৪২৫/০৩ ফেব্রুয়ারি ২০১৯

নং **১৭.০০.০০০০.০০৯.০৫.০০৭.০১-৬১**।—প্রশাসনিক গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য সৃজিত নতুন পদসমূহের সমন্বয়ে অনুবিভাগ, অধিশাখা ও শাখার সমন্বয়ে সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করা প্রয়োজন। সৃজিত পদসমূহ দ্বারা নির্বাচন কমিশন সচিবালয়ে ০১টি অনুবিভাগ, ০২টি অধিশাখা ও ০২টি শাখা গঠন করা হয়েছে। বর্তমান প্রশাসন অনুবিভাগটির নাম পরিবর্তন করে প্রশাসন ও অর্থ অনুবিভাগ নামকরণ এবং এ অনুবিভাগের প্রধান হিসেবে অতিরিক্ত সচিবের পরিবর্তে নতুন সৃজিত যুগ্ম-সচিবকে রাখা হয়েছে। তবে, নির্বাচন কমিশন সচিবালয়ের সকল শাখার নথি অতিরিক্ত সচিবের মাধ্যমে সচিব এর নিকট উপস্থাপিত হবে।

০২। নবগঠিত ০২টি অধিশাখা যথাক্রমে "বাজেট অধিশাখা" এবং "শৃঙ্খলা ও আপিল অধিশাখা" হিসেবে নামকরণ করা হয়েছে। বিদ্যমান সংস্থাপন অধিশাখার আওতাধীন "বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ" ও "হিসাব" শাখার সমন্বয়ে নতুন সৃজিত ০১ জন উপসচিবের আওতায় "বাজেট অধিশাখা" গঠন করা হয়েছে। সেইসাথে নতুন সৃজিত ০১ জন উপসচিবের আওতায় "শৃঙ্খলা ও আপিল" অধিশাখা এবং নতুন সৃজিত ০১ জন সিনিয়র সহকারী সচিব-এর আওতায় "শৃঙ্খলা শাখা" গঠন করা হয়েছে।

০৩। নতুন সৃজিত অপর ০১ জন সিনিয়র সহকারী সচিব-এর আওতায় "জনবল ব্যবস্থাপনা-৩" শাখা গঠন করত জনবল অধিশাখায় ন্যাস্ত করা হয়েছে এবং নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োগযোগ্য নতুন সৃজিত অডিটরিয়াম কেয়ারটেকার-০১টি, ইলেক্ট্রিশিয়ান-০১টি, লিফটম্যান-০৪টি, জেনারেটর অপারেটর-০১টি, নিরাপত্তা প্রহরী-০২টি ও পরিচ্ছন্নতা কর্মী-০৩টি পদসহ সর্বমোট ১২টি পদ সাধারণ সেবা অধিশাখার আওতাধীন সাধারণ সেবা-২ শাখায় অন্তর্ভুক্ত করা হলো।



মূল্য : টাকা ৪.০০

০৪। উপরের বর্ণনা মোতাবেক নতুন সৃজিত প্রশাসন ও অর্থ অনুবিভাগের পুনর্বিন্যাসকৃত সাংগঠনিক কাঠামো নিম্নরূপে গঠন করা হল :

সচিব
↓
অতিরিক্ত সচিব
↓
যুগ্ম-সচিব
(প্রশাসন ও অর্থ)
জনবল-৪
১× যুগ্ম-সচিব
১×ব্যক্তিগত কর্মকর্তা
১×গাড়িচালক
১×অফিস সহায়ক
↓

**সংস্থাপন অধিশাখা**
জনবল-৩
১× উপসচিব
১×ব্যক্তিগত কর্মকর্তা
১×অফিস সহায়ক

↓ সংস্থাপন-১ শাখা
জনবল-৪
১× সিনিয়র সহকারী সচিব
১×প্রশাসনিক কর্মকর্তা
১×অফিস সহ: কাম-কম্পি: মুদ্রা:
১×দপ্তরী
১×অফিস সহায়ক

↓ সংস্থাপন-২ শাখা
জনবল-৪
১× সিনিয়র সহকারী সচিব
১×প্রশাসনিক কর্মকর্তা
১×সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপা:
১×অফিস সহায়ক

↓ নিরীক্ষা শাখা
জনবল-৪
১×সহকারী সচিব
১×প্রশাসনিক কর্মকর্তা
১×সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপা:
১×অফিস সহায়ক

**বাজেট অধিশাখা**
জনবল-৩
১× উপসচিব
১×ব্যক্তিগত কর্মকর্তা
১×অফিস সহায়ক

↓ বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ শাখা
জনবল-৪
১× সিনিয়র সহকারী সচিব
১×প্রশাসনিক কর্মকর্তা
১×সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপা:
১×অফিস সহায়ক

↓ হিসাব শাখা
জনবল-৬
১×উর্ধ্বতন হিসাবরক্ষণ কর্মকর্তা
১×প্রশাসনিক কর্মকর্তা
১×সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপা:
১×ক্যাশ সরকার
১×দপ্তরি
১×অফিস সহায়ক

**জনবল অধিশাখা**
জনবল-৩
১× উপসচিব
১×ব্যক্তিগত কর্মকর্তা
১×অফিস সহায়ক

↓ জনবল ব্যবস্থাপনা-১ শাখা
জনবল-৪
১× সিনিয়র সহকারী সচিব
১×প্রশাসনিক কর্মকর্তা
১×সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপা:
১×অফিস সহায়ক

↓ জনবল ব্যবস্থাপনা-২ শাখা
জনবল-৪
১×সিনিয়র সহকারী সচিব
১×প্রশাসনিক কর্মকর্তা
১×সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপা:
১×অফিস সহায়ক

↓ জনবল ব্যবস্থাপনা-৩ শাখা
জনবল-৪
১×সিনিয়র সহকারী সচিব
১×প্রশাসনিক কর্মকর্তা
১×অফিস সহকারী কাম-কম্পি: মুদ্রা:
১×অফিস সহায়ক

**শৃঙ্খলা ও আপিল অধিশাখা**
জনবল-৩
১× উপসচিব
১×ব্যক্তিগত কর্মকর্তা
১×অফিস সহায়ক

↓ শৃঙ্খলা শাখা
জনবল-৪
১× সিনিয়র সহকারী সচিব
১×প্রশাসনিক কর্মকর্তা
১×সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপা:
১×অফিস সহায়ক

**মানব সম্পদ উন্নয়ন ও কল্যাণ অধিশাখা**
জনবল-৩
১× উপসচিব
১×ব্যক্তিগত কর্মকর্তা
১×অফিস সহায়ক

↓ প্রশিক্ষণ ও সক্ষমতা উন্নয়ন শাখা
জনবল-৪
১× সিনিয়র সহকারী সচিব
১×প্রশাসনিক কর্মকর্তা
১×সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপা:
১×অফিস সহায়ক

০৫। এ সচিবালয়ের ১৬ অক্টোবর ২০১১ তারিখের নং নিকস/প্র-১/সাকা/১(৬)/৮৬(অংশ-৪)/৭৮৩ সংখ্যক স্মারকে জারীকৃত সাংগঠনিক কাঠামো সংক্রান্ত অন্যান্য বিষয়াবলি এবং বিভিন্ন সময়ে জারীকৃত এ সংক্রান্ত আদেশাবলি অপরিবর্তিত থাকবে।

০৬। পুনর্বিন্যস্ত সাংগঠনিক কাঠামো এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হবে।

বাংলাদেশ নির্বাচন কমিশনের আদেশক্রমে

**হেলালুদ্দীন আহমদ**

সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd